গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

# উপজেলা আই.সি.টি. ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE) ব্যবস্থাপনা নীতিমালা-২০১৬

উপজেলা আই.সি.টি. ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরইসি)
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ সোনারগাঁও রোড (পলাশী-নীলক্ষেত) ঢাকা-১২০৫
**website :** www.banbeis.gov.bd **e-mail:** info@banbeis.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-৫
www.moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৬৬.১২.০০৬.১৫-২৪৭

তারিখঃ ১৪ শ্রাবণ ১৪২৩ / ২৯ আগস্ট ২০১৬

**বিষয় : উপজেলা আই.সি.টি. ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE) ব্যবস্থাপনা নীতিমালা ২০১৬।**

যেহেতু, সরকার রূপকল্প ২০২১ এর আওতায় ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষে মাধ্যমিক পর্যায়ে ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত আই.সি.টি. শিক্ষাকে বাধ্যতামূলক বিষয় হিসেবে অন্তর্ভুক্ত করেছে;
এবং

যেহেতু, জাতীয় শিক্ষানীতি ও I.C.T. Policy এর আলোকে আই.সি.টি. প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষকদের দক্ষ করে গড়ে তোলার জন্য শিক্ষা মন্ত্রণালয়াধীন 'বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)' কর্তৃক "উপজেলা আই.সি.টি. ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE) প্রকল্পের" আওতায় প্রথম পর্যায়ে ১২৫টি ইউআইটিআরসিই নির্মাণ করা হয়েছে;

যেহেতু, ১২৫ টি উপজেলায় নির্মিত স্বতন্ত্র ও স্বয়ংসম্পূর্ণ উপজেলা আই.সি.টি. ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টারসমূহে চারতলা ফাউন্ডেশনসহ দু'তলা ভবনে কম্পিউটার-২৪টি, সাইবার সেন্টার-০৫টি, জেনারেটর-০১টি, ইন্টারনেট সংযোগ, অন্যান্য আধুনিক যন্ত্রপাতিসহ একটি স্বয়ংসম্পূর্ণ I.C.T. Lab ও Cyber Centre স্থাপন করা হয়েছে এবং যেহেতু, UITRCE সুষ্ঠুভাবে পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য একটি নীতিমালা প্রণয়ন করা প্রয়োজন সেহেতু নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলোঃ

**শিরোনাম** : এ নীতিমালা **"উপজেলা আই.সি.টি. ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন ব্যবস্থাপনা নীতিমালা- ২০১৬"** নামে অভিহিত হবে।

২.০ **আওতা ও বলবৎ**: এ নীতিমালা বর্ণিত প্রকল্পের আওতায় নির্মিত-নির্মাণাধীন ও ভবিষ্যতে নির্মিতব্য সকল UITRCE এর ক্ষেত্রে জারির তারিখ থেকে বলবৎ হবে।

৩.০ **সংজ্ঞা :** বিষয় ও উদ্দেশ্যের পরিপন্থী না হলে–

৩.১ "ইউআইটিআরসিই (UITRCE)" বলতে ব্যানবেইস কর্তৃক UITRCE প্রকল্পের আওতায় নির্মিত "উপজেলা আই.সি.টি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন" কে বুঝাবে;

৩.২ 'প্রকল্প' বলতে শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন "উপজেলা আই.সি.টি. ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE) প্রকল্প" কে বুঝাবে;

৩.৩ 'ব্যানবেইস' বলতে শিক্ষা মন্ত্রণালয়ের সংযুক্ত দপ্তর "বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো"কে বুঝাবে;

৩.৪ 'সরকার' ও 'কর্তৃপক্ষ' বলতে যথাক্রমে "শিক্ষা মন্ত্রণালয়" এবং 'ব্যানবেইস'কে বুঝাবে;

৩.৫ 'সরকারি কর্তৃপক্ষ ও প্রতিষ্ঠান' বলতে সরকারি কোন সংস্থা, বিভাগ, প্রতিষ্ঠান ও প্রকল্পকে বুঝাবে;

৩.৬ 'বেসরকারি সংস্থা' বা 'এনজিও' বলতে সরকারি কর্তৃপক্ষ ও প্রতিষ্ঠান ব্যতীত যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বা স্বীকৃত বেসরকারি সংস্থা, এনজিও বা প্রতিষ্ঠানকে বুঝাবে;

৩.৭ "কেন্দ্র, আসবাবপত্র ও যন্ত্রপাতি" বলতে প্রকল্পের অধীন নির্মিত "ভবন এবং ভবনে স্থাপিত আসবাবপত্র ও যন্ত্রপাতি" কে বুঝাবে;

৩.৮ 'প্রশিক্ষণ' বলতে কেন্দ্রে আয়োজিত সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের জন্য এবং অন্য কোন উপযুক্ত লোকজনের জন্য আই.সি.টি. ও শিক্ষা সংক্রান্ত প্রশিক্ষণকে বুঝাইবে;

৩.৯ 'কেন্দ্র ব্যবস্থাপনা কমিটি' বলতে এই নীতিমালার অধীনে গঠিত কমিটিকে বুঝাবে;

৪.০ **কেন্দ্র ব্যবহারের ফি:** ল্যাব ব্যবহারের জন্য দৈনিক ফি এর পরিমাণ নিম্নোক্ত হারে হবে। তবে সরকার সময় সময় অফিস আদেশ দ্বারা ফি'র হার পুনঃনির্ধারণ করতে পারবে।

৪.১ আই.সি.টি ল্যাব ব্যবহারে দৈনিক (সকাল ৯.০০- বিকাল ৫.০০) ফি/চার্জ

| ক্র. নং | বিবরণ | একক | দৈনিক হার | পরিমাণ | দিনের সংখ্যা | মোট টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ল্যাব চার্জ | | | | | |
| | (ক) ইলেক্ট্রিসিটি চার্জ* | ৮ ঘন্টা | ১৫০৪/- | | | ১৫০৪/- |
| | (খ) সার্ভিস চার্জ | থোক | ১০০/- | | | ১০০/- |
| | (গ) স্টেশনারী (পেপার,মার্কার ও ডাস্টার ইত্যাদি) | থোক | ৪০০/- | | | ৪০০/- |
| | (ঘ) জেনারেটর চার্জ (*) | থোক | * | | | * |
| ২ | হার্ডওয়ার,সফ্টওয়্যার, নেটওয়ার্ক ও ইন্টারনেট মেইনটেন্যান্স | থোক | ২০০/- | | | ২০০/- |
| ৩ | কমন সার্ভিস চার্জ:** | | | | | |
| | (ক) ল্যাব সাপোর্ট ও ক্যাটারিং চার্জ | দিন | ৪০০/- | | | ৪০০/- |
| | (খ) ল্যাব ক্লিনিং | দিন | ১০০/- | | | ১০০/- |
| | (গ) ক্রোকারিজ ব্যবহার | দিন | ১০০/- | | | ১০০/- |
| | (ঘ) কো-অর্ডিনেশন ও ম্যানেজমেন্ট (২ জন) | দিন | ২০০/- | | | ২০০/- |
| | (চ) অন্যান্য | দিন | ১০০/- | | | ১০০/- |
| | **মোট:** | | **৯০০/-** | | | **৯০০/-** |
| ৪ | এস্টাবলিশমেন্ট চার্জ (ডিপ্রেসিয়েশন চার্জসহ) | দিন | ৫০০/- | | | ৫০০/- |
| | সরকারি কোষাগারে জমা বাবদ (১০%) | | ৩৬.০৪/- | | | ৩৬.০৪/- |
| | ভ্যাট বাবদ জমা (১০%) | | ৩৬.০৪/- | | | ৩৬.০৪/- |
| **সর্বমোট:** | | | **৩৬৭৬/-** | | | **৩৬৭৬/-** |

৪.২ ইলেক্ট্রিসিটি ফি'র বিস্তারিত বিবরণ নিম্নরূপ:

| ক্র. নং | আইটেমের বিবরণ | ওয়াট | পরিমাণ | মোট ওয়াট | ফি/চার্জ |
|---|---|---|---|---|---|
| ১ | সিপিইউ (এলসিডি মনিটরসহ) | ২২৫ | ২৪টি | ৫৪০০ | - |
| ২ | ল্যাপটপ | ১২৫ | ১টি | ১২৫ | - |
| ৩ | এয়ারকন্ডিশনার (৪.৫ টন) এন্ড ফ্যান | ৪০০০ | ৩টি | ১২০০০ | - |
| ৪ | মাল্টিমিডিয়া প্রজেক্টর | ৪৫০ | ১টি | ৪৫০ | - |
| ৫ | সাউন্ড সিস্টেম | ১০০ | ১টি | ১০০ | - |
| ৬ | নেটওয়ার্ক প্রিন্টার | ১৫০০ | ১টি | ১৫০০ | - |
| | ঘন্টা প্রতি মোট ইলেক্ট্রিসিটি ব্যবহার : | ৬৪০০ | | ১৯৫৭৫ | - |
| | দৈনিক (৮ ঘন্টা) ব্যবহার (কিলোওয়াট) | | | ১৫৭ ইউনিট | - |
| | প্রতি ইউনিটের চার্জ (কমার্শিয়াল রেট) | | | | ৯.৫৮ টাকা |
| | দৈনিক মোট ইলেক্ট্রিক চার্জ | | | | ১৫০৪ টাকা |

*** বিদ্যুৎ না থাকাকালীন জেনারেটর চালানোর সমুদয় জ্বালানী ব্যয় প্রশিক্ষণ আয়োজনকারী কর্তৃপক্ষ বহন করবে।**

**** কমনসার্ভিস চার্জ সরাসরি ব্যয় করা যাবে এবং ব্যয় ভাউচার ও হিসাব যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।**

৫.০ **সাইবার সেন্টার ব্যবহার :** ব্যানবেইস কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠান থেকে শিক্ষা সম্পর্কিত চাহিত তথ্যাদি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ বিনা ফি তে সাইবার সেন্টারের মাধ্যমে ব্যানবেইসে প্রেরণ করতে পারবেন। এ ছাড়া শিক্ষক ও শিক্ষার্থীগণ শিক্ষামূলক তথ্য প্রাপ্তির জন্য ইন্টারনেট ব্যবহারের সুযোগ পাবেন। এ ক্ষেত্রে কোন ফি প্রযোজ্য হবে না। তবে অন্য কোন নাগরিক-ব্যক্তি কর্তৃক সাইবার সেন্টারে ইন্টারনেট ব্যবহারের জন্য ঘন্টা প্রতি ২০/- টাকা হারে চার্জ প্রযোজ্য হবে।

৬.০ **গেস্ট রুম ব্যবহার :** শিক্ষা মন্ত্রণালয় এবং অধীন সংস্থার কোন কর্মকর্তা-কর্মচারী উপজেলা আই.সি.টি. সেন্টারের গেস্টরুম ব্যবহার করলে দৈনিক ৫০/- (পঞ্চাশ) টাকা হারে ভাড়া প্রদান করবেন। অন্যান্য মন্ত্রণালয়-সংস্থার কর্মকর্তাদের ক্ষেত্রে গেস্টরুম ব্যবহারের জন্য দৈনিক ১০০/- (একশত) টাকা হারে ভাড়া প্রযোজ্য হবে। কোন বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারী উক্ত গেস্টরুম ব্যবহারের অনুমতি পাবেন না। উপজেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তা বা কর্মচারী এক নাগারে ১০ (দশ) দিনের বেশি গেস্টরুমে অবস্থান করতে পারবেন না। এ বিষয়ে একটি ব্যাংক হিসাব খুলে তা নিয়মিত পরিচালনা করতে হবে।

৭.০ **শিক্ষা মন্ত্রণালয় ও এর আওতাধীন সংস্থা-দপ্তর এবং সরকারি সংস্থা ব্যতীত বেসরকারি প্রতিষ্ঠান বা এনজিও কর্তৃক প্রশিক্ষণের জন্য ল্যাব ব্যবহারের শর্তাবলি:**

৭.১ উপজেলা আই.সি.টি. ট্রেনিং ও রিসোর্স সেন্টারের ল্যাবে আই.সি.টি. বিষয়ক প্রশিক্ষণ কোর্স আয়োজনের পূর্বে উপজেলা নির্বাহী অফিসারের নিকট থেকে অনুমতি গ্রহণ করতে হবে।

৭.২ প্রশিক্ষণ আয়োজক প্রতিষ্ঠান এবং UITRCE স্থানীয় কর্তৃপক্ষের মধ্যে একটি চুক্তি হবে।

৭.৩ বিদ্যুৎ বিল, জেনারেটর বিল ও আই.সি.টি. ল্যাব ব্যবহারের সার্ভিস চার্জ UITRCE এর ব্যাংক হিসাবের মাধ্যমে প্রদান করতে হবে।

৮.০ **ব্যবস্থাপনা কমিটি:** UITRCE এর ল্যাব সুষ্ঠুভাবে পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য নিম্নরূপ একটি কমিটি গঠণ করা হবে:

৮.১ **কমিটি গঠন:**

| | | |
|---|---|---|
| (ক) উপজেলা নির্বাহী অফিসার | - | সভাপতি |
| (খ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | - | সদস্য |
| (গ) উপজেলা শিক্ষা অফিসার | - | সদস্য |
| (ঘ) সহকারী প্রকৌশলী, ইইডি/এলজিইডি | - | সদস্য |
| (ঙ) সহকারী প্রোগ্রামার, UITRCE | - | সদস্য সচিব |

৮.২ **কমিটির কার্যপরিধি**: কমিটির কার্যপরিধি হবে নিম্নরূপ:

(ক) কেন্দ্রের লক্ষ্য ও উদ্দেশ্য পূরণে সুষ্ঠু পরিচালনা ও ব্যবস্থাপনা নিশ্চিত করা;

(খ) শিক্ষা মন্ত্রণালয় ও ব্যানবেইস কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ ব্যতীত অন্যান্য সরকারি, বেসরকারি বা এনজিও কর্তৃক কেন্দ্রে আই.সি.টি. বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের জন্য অনুমতি প্রদান;

(গ) কেন্দ্রে স্থাপিত আই.সি.টি. ল্যাব, আসবাবপত্র ও যন্ত্রপাতি, ইন্টারনেট ইত্যাদি ব্যবহারের জন্য নির্ধারিত হারে ফি বা রেইট আদায় ও তহবিলে জমা নিশ্চিতকরণ;

(ঘ) আই.সি.টি. বিষয়ক প্রশিক্ষণ ব্যতীত অন্য কোন কাজে যাতে কেন্দ্র ব্যবহৃত না হয় তা নিশ্চিতকরণ এবং কেন্দ্র ও সম্পদের নিরাপত্তা বিধানে ব্যবস্থা গ্রহণ;

(ঙ) ফি বা রেইট বাবদ আদায়কৃত অর্থের হিসাব সংরক্ষণ।

(চ) কমিটি কমন সার্ভিস ফি বাবদ আদায়কৃত অর্থ সরাসরি ব্যয় করতে পারবে। অন্যান্য ফি বাবদ অর্থ ব্যাংক হিসাবে জমা করতে হবে এবং ব্যানবেইসকে মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে। ব্যাংক হিসাবে জমাকৃত অর্থ দ্বারা ব্যানবেইস এর অনুমোদনক্রমে ল্যাবের যন্ত্রপাতি/কম্পিউটার সরঞ্জমাদি মেরামত ও ক্রয় করা যাবে।

**৯.০ প্রশিক্ষণ কার্যক্রমের সমন্বয়:**

UITRCE ভবনের অফিসসমূহের নিম্নোক্ত কর্মকর্তাগণ সকল ধরনের আই.সি.টি. প্রশিক্ষণ কার্যক্রম সমন্বয় সাধন করবেন এবং এ কাজের জন্য সম্মানীভাতা প্রাপ্য হবেন:

৯.১ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

৯.২ সহকারী প্রোগ্রামার, UITRCE

**১০.০ প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা:**

১০.১ প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য ব্যানবেইস কর্তৃক নিয়োজিত কম্পিউটার অপারেটর ও ল্যাব এ্যাসিসটেন্ট আই.সি.টি. ল্যাবের প্রশিক্ষণকালীন সহায়তা, আপ্যায়ন ও যন্ত্রপাতির পরিচ্ছন্নতার দায়িত্ব পালন করবেন এবং উপরে বর্ণিত দৈনিক ল্যাব চার্জের অন্তর্ভুক্ত সার্ভিস চার্জের আওতায় সম্মানী ভাতা প্রাপ্য হবেন।

১০.২ শিক্ষকদের প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষক হিসেবে ব্যানবেইস কর্তৃক TOT কোর্সে প্রশিক্ষিত শিক্ষকগণ প্রশিক্ষণ প্রদান করবেন। উক্ত প্রশিক্ষণে সহকারী প্রোগ্রামারও প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণ প্রদান করবেন।

**১১. 0 UITRCE ভবনে অবস্থিত অফিস ও সেন্টারসমূহের পরিচ্ছন্নতা ও রক্ষণাবেক্ষণ:**

১১.১ ভবনের নীচতলায় অবস্থিত উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের অফিস কক্ষ, যন্ত্রপাতি, আসবাবপত্র, ফ্লোর, টয়লেট ইত্যাদির সামগ্রিক পরিষ্কার-পরিচ্ছন্নতার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা দায়িত্বে থাকবেন এবং তিনি নিয়মিত তদারকি করবেন।

১১.২ ভবনের নীচতলায় অবস্থিত UITRCE এর কর্মকর্তা ও কর্মচারীদের অফিস কক্ষ, যন্ত্রপাতি, স্পেস, বাথরুম এবং দোতলায় অবস্থিত আই.সি.টি. ল্যাব, সাইবার সেন্টার, সার্ভার কক্ষ, সভা কক্ষের যন্ত্রপাতি, আসবাবপত্র, ফ্লোর, টয়লেট ইত্যাদির সামগ্রিক পরিষ্কার পরিচ্ছন্নতার জন্য সহকারী প্রোগ্রামার দায়িত্বে থাকবেন এবং তিনি নিয়মিত তদারকি করবেন। ভবনের সামাগ্রিক ইলেক্ট্রিক বিল ব্যানবেইসের বাজেট বরাদ্দ থেকে সহকারী প্রোগ্রামার কর্তৃক পরিশোধ করতে হবে। তিনি জেনারেটর পরিচালনা ও ব্যবহারের দায়িত্বেও থাকবেন।

১২.০ **প্রশিক্ষক বা রিসোর্স পার্সন** : ব্যানবেইস কর্তৃক ToT ট্রেনিং প্রাপ্ত প্রশিক্ষক এবং শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় প্রশিক্ষণ প্রাপ্ত প্রশিক্ষক-শিক্ষকগণ কেন্দ্রের প্রশিক্ষক বা রিসোর্স পার্সন হিসাবে কাজ করবেন। বেসরকারি সংস্থা বা এনজিও কর্তৃক আয়োজিত প্রশিক্ষণের ক্ষেত্রে উক্ত প্রশিক্ষক-রিসোর্স পার্সনদের কাজে লাগাতে হবে এবং তাঁদের সংশ্লিষ্ট বাজেট অনুসারে সম্মানী ভাতা প্রদান করতে হবে; এ ক্ষেত্রে বেসরকারি সংস্থা বা এনজিও তাঁদের নিজস্ব প্রশিক্ষক বা রিসোর্স পার্সন ব্যবহার করতে পারবে। এ বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত প্রশিক্ষকদের নিয়ে একটি রিসোর্স পুল গঠন করা যেতে পারে।

১৩.০ **ফি বা রেইট বাবদ অর্থের হিসাব:** ফি বা রেইট বাবদ আদায়কৃত অর্থের যথাযথ হিসাব সংক্ষরণ করতে হবে এবং সরাসরি ব্যয়িত অর্থের বিপরীতে যথাযথ ভাউচার সংরক্ষণ করতে হবে। কমিটির সদস্য সচিব ব্যয় ভাউচার পাশ করবেন এবং স্বাক্ষর করবেন।

১৪.০ **ভবন, যন্ত্রপাতি ইত্যাদি মেরামত ও সংস্কার:** UITRCE বুঝে নেয়ার পরবর্তী ২ বছর পর্যন্ত নির্মাণকারী কোরিয়ান প্রতিষ্ঠান এল.এস-ক্যাবল এন্ড সিস্টেম লি. ভবন ও যন্ত্রপাতির সকল প্রকার মেরামত, সংস্কার বা প্রতিস্থাপনের দায়িত্ব পালন করবে। অতঃপর ব্যানবেইস তার নিজস্ব বাজেটে মেরামত ও সংরক্ষণ সম্পর্কিত যাবতীয় কাজ করবে; ব্যানবেইস এর অনুমোদনক্রমে স্থানীয়ভাবে লব্ধ আয় থেকেও ছোট খাটো মেরামত করা যাবে।

১৫.০ **কেন্দ্রের সর্বোত্তম ব্যবহার:** কেন্দ্রের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণে ব্যানবেইস ও ব্যবস্থাপনা কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১৬.০ **ভবনের ব্যবহার:** ভবনের নীচ তলায় নির্ধারিত প্রথম কক্ষ সহকারী প্রোগ্রামার, দ্বিতীয় কক্ষ উপজেলা মাধ্যমিক অফিসারের অফিস কক্ষ হবে। অপর ২টি কক্ষ সহকারী উপজেলা মাধ্যমিক অফিসার ও একাডেমিক সুপারভাইজারের অফিস কক্ষ হিসেবে ব্যবহার করা হবে এবং কর্পোরেট স্টাইলে নির্মিত অফিস স্পেসে ২(দুই)টি টেবিল (Desk) কেন্দ্রের কর্মচারী এবং অপর ২(দুই)টি টেবিল (Desk) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের কর্মচারীগণ ব্যবহার করবেন।

১৭.০ **বিদ্যুৎ বিল ও জেনারেটরের জ্বালানী:** ভবনের বিদ্যুৎ বিল ও জেনারেটরের জ্বালানী বাবদ বিল ব্যানবেইস থেকে প্রেরিত নিয়মিত বাজেট বরাদ্দ থেকে নির্বাহ করা হবে।

১৮.০ **সংশোধন, সংযোজন রদ ও রহিতকরণ:** সরকার প্রয়োজনে আদেশ দ্বারা এই নীতিমালার কোন অংশ সংযোজন-বিয়োজনের মাধ্যমে সংশোধন বা নীতিমালাটি সম্পূর্ণ রদ ও রহিত করতে পারবে।

সোহরাব
২৮.০৮.২০১৬

(মোঃ সোহরাব হোসাইন)
সচিব

নং-৩৭.০০.০০০০.০৬৬.১২.০০৬.১৫/২৪৭/১(১০)

তারিখঃ ১৪ শ্রাবণ ১৪২৩ / ২৯আগস্ট ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

(১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(২) সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(৪) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
(৫) মহাপরিচালক, প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
(৬) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
(৭) মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
(৮) উপজেলা নির্বাহী অফিসার .................................. ।
(৯) সহকারী প্রোগ্রামার, UITRCE.............................. ।
(১০) অফিস নথি।

**উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরইসি)**
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ সোনারগাঁও রোড (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫
www.banbeis.gov.bd; info@banbeis.gov.bd

## UITRCE এ স্থাপিত কম্পিউটার, আসবাবপত্র ও যন্ত্রপাতির বিবরণ

| নং | যন্ত্রপাতির বিবরণ | সংখ্যা | নং | যন্ত্রপাতির বিবরণ | সংখ্যা |
|---|---|---|---|---|---|
| **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও UITRCE** | | | **ল্যাব** | | |
| ১ | পিসি | ০৬ টি | ১ | পিসি | ২৪ টি |
| ২ | ইউপিএস | ০৬ টি | ২ | ইউপিএস | ২৪ টি |
| ৩ | ল্যাপটপ কম্পিউটার | ০২ টি | ৩ | ল্যাপটপ কম্পিউটার | ০১ টি |
| ৪ | মাল্টিফাংশনাল প্রিন্টার | ০১ টি | ৪ | মাল্টিফাংশনাল প্রিন্টার | ০১ টি |
| ৫ | ডেস্ক | ০৮ টি | ৫ | মাল্টিমিডিয়া প্রজেক্টর | ০১ টি |
| ৬ | চেয়ার | ০৮ টি | ৬ | প্রজেক্টর স্ক্রিণ | ০১ টি |
| ৭ | প্রিন্টার টেবিল | ০১ টি | ৭ | পোর্টেবল এম্প্লিফায়ার | ০১ টি |
| ৮ | দেয়াল ঘড়ি | ০১ টি | ৮ | এয়ারকন্ডিশনার | ০৩ টি |
| ৯ | ফাইল কেবিনেট | ০৮ টি | ৯ | জেনারেটর (২০ কেভি) | ০১ টি |
| ১০ | ফ্যান | ১৭টি | ১০ | হোয়াইট বোর্ড | ০১ টি |
| ১১ | জেনারেটর | ০১টি | ১১ | পিসি ল্যাব ডেস্ক | ২৫ টি |
| | | | ১২ | চেয়ার | ২৫ টি |
| | | | ১৩ | মাল্টিপারপাস শেল্ফ | ০১ টি |
| | | | ১৪ | ফ্যান | ০১টি |
| **সার্ভার রুম** | | | **সাইবার সেন্টার** | | |
| ১ | সার্ভার | ০১ টি | ১ | পিসি | ০৫ টি |
| ২ | ইউপিএস | ০১ টি | ২ | ইউপিএস | ০৫ টি |
| ৩ | রাউটার | ০১ টি | ৩ | লেজার প্রিন্টার | ০১ টি |
| ৪ | এলটু সুইচ | ০২ টি | ৪ | পিসি টেবিল | ০৫ টি |
| ৫ | ওয়ারলেস এপি | ০১ টি | ৫ | প্রিন্টার টেবিল | ০১ টি |
| ৬ | সার্ভার র‍্যাক | ০১ টি | ৬ | চেয়ার | ০৫ টি |
| ৭ | ব্যাক আপ এইচডিডি | ০১ টি | ৭ | ফ্যান | ০১ টি |
| ৮ | ফ্যান | ০১ টি | ৮ | Internet Connection (4Mbps) | ৩৬টি |
| **গেস্ট রুম** | | | **সভা কক্ষ** | | |
| ১ | বেড | ০২ টি | ১ | কনফারেন্স টেবিল | ০১ টি |
| ২ | কেবিনেট | ০১ টি | ২ | চেয়ার | ২৫ টি |
| ৩ | আলমারি | ০১ টি | ৩ | ফ্যান | ০২ টি |
| ৪ | ফ্যান | ০১ টি | | | |
| **অভ্যর্থনা কক্ষ** | | | **কোকারিজ** | | |
| ১ | সোফা | ০৪ টি | ১ | Ceramics(Full Plate-30, Tea Cup and Plate-30, Half Plate-30, 6" Bowl-3, 8" Bowl-3) | ৯৬ পিচ |
| ২ | টি টেবিল | ০১ টি | ২ | Cookerics ( Electric Kettle-1, Teaspoon-36, Fork-36, Water Glass-36, Water Jug-6, Kitchen Knife-3, Chopping Board-1, Pillar-2) | ১২১ পিচ |
| ৩ | ফ্যান | ০১ টি | ৩ | Bed Items-(Matress-2, Pillow-2, Bed Sheet-2, Pillow Cover-2, Shoe Matt-1) | ৯ পিচ |